

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

- ০৮২-১ যখন আসমান ফেটে পড়বে,
- ০৮২-২ যখন তারাগুলো সব ঝরে পড়বে,
- ০৮২-৩ যখন সাগরকে উত্তাল করে তোলা হবে,
- ০৮২-৪ যখন কবরগুলোকে উপড়ে ফেলা হবে,
- ০৮২-৫ (তখন) প্রতিটি মানুষই জেনে যাবে, সে (এখানকার জন্যে) কি পাঠিয়েছে এবং কি এমন কাজ সে রেখে এসেছিলো: (যার পাপ পুণ্য কেয়ামত পর্যন্ত তার হিসাবে এসে জমা হয়েছে)
- ০৮২-৬ হে মানুষ, কোন্ জিনিসটি তোমাকে তোমার মহামহিম মালিকের ব্যাপারে ধোঁকায় ফেলে রাখলো ?
- ০৮২-৭ যিনি তোমাকে সৃষ্টি করেছেন, অতঃপর তিনি তোমাকে সোজা সূঠাম করেছেন এবং তোমাকে সুসমঞ্জস করেছেন,
- ০৮২-৮ তিনি যেভাবে চেয়েছেন সে আংগিকেই তোমাকে গঠন করেছেন;
- ০৮২-৯ না- (এ কি!) তোমরা শেষ বিচারের দিনটিকেই অস্বীকার করছো!
- ০৮২-১০ (অথচ) তোমাদের ওপর অবশ্যই পাহারাদাররা নিযুক্ত আছে,
- ০৮২-১১ এরা (হচ্ছে) সম্মানিত লেখক,

০৮২-১২ যারা জানে তোমরা যা কিছু করছো।

০৮২-১৩ নিঃসন্দেহে নেক লোকেরা (সেদিন আল্লাহর) অসীম নেয়ামতে  
(পরমানন্দে) থাকবে,

০৮২-১৪ আর অবশ্যই পাপী-তাপীরা থাকবে জাহান্নামে,

০৮২-১৫ শেষ বিচারের দিন তারা (সবাই ঠিকমতো) সেখানে পৌঁছে যাবে।

০৮২-১৬ সেখান থেকে তারা আর কোনোদিনই নিষ্কৃতি পাবে না;

০৮২-১৭ তুমি (যদি) জানতে শেষ বিচারের দিনটি কি?

০৮২-১৮ হ্যাঁ, (সত্যিই) যদি তোমরা সে দিনটির কথা জানতে;

০৮২-১৯ যেদিন কোনো মানুষই একজন আরেক জনের কাছে আসবে না; আর  
সেদিন ফয়সালার সব ক্ষমতা থাকবে একমাত্র আল্লাহ তাআলার হাতে।

*Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed*

*Al Quran Academi London*

Published as Portable Document Format by : *Mohammad Noor-e-Alam Siddiquee*  
More Free Islamic Stuff at [www.siddiquee.co.nr](http://www.siddiquee.co.nr)